প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড মেধাবৃত্তি প্রদান অনুষ্ঠান - ২০২৩

ঢাকা, ১৪ জুন ২০২৩: শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন প্রযুক্তির দ্রুত পরিবর্তনের ফলে কর্ম জগতের ধারণা পাল্টে যাচ্ছে। অন্যদিকে দক্ষতা নির্ভর নতুন নতুন কাজের বাজার তৈরি হচ্ছে ।
মন্ত্রী বলেন গতানুগতিক অনার্স, মাষ্টার্স পাশ জনগোষ্ঠীর সকলকে কর্মসংস্থানের ব্যবস্থা করা সরকারের একার পক্ষে সম্ভবপর নয়। তাই আনুষ্ঠানিক লেখাপড়া শেষ করা কর্মশক্তিকে দক্ষ হিসেবে গড়ে তুলতে কারিগরি শিক্ষায় বয়সের বাধা তুলে দেয়া হয়েছে।কারিগরি শিক্ষাকে জীবনব্যাপী ও ক্রমাগত নবায়ন করার চেষ্টা করে যাচ্ছে সরকার। তিনি আজ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে কারিগরি শিক্ষা বোর্ড মেধাবৃত্তি-২০২৩ প্রদান অনুষ্ঠানে একথা বলেন।

ডা. দীপু মনি বলেছেন শিক্ষাক্রমের রূপান্তর শুরু হয়েছে যার ফলে বদলে যাচ্ছে শিখন - শিক্ষনের ধরণ এবং শিক্ষার্থীরা পরিবর্তিত শিক্ষাক্রম সানন্দে গ্রহণ করেছে। মুখস্ত নির্ভরতা থেকে বেরিয়ে শিক্ষার্থীরা সৃজনশীলতা চর্চার অবারিত সুযোগ পাচ্ছে।
তিনি আরো বলেন দেশের প্রতিষ্ঠানিক শিক্ষা বঞ্চিত যেসব ব্যক্তি নিজের চেষ্টায় বিভিন্ন বৃত্তিতে দক্ষতা অর্জন করেছে তাদের অর্জিত দক্ষতাকে সনদায়নের ব্যবস্থা করা হবে যাতে তারা দেশে - বিদেশে অধিক মজুরী পেতে পারে।
শিক্ষামন্ত্রী বলেন কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানেও শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে। এছাড়াও কারিগরি ধারার শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার সুযোগ নিশ্চিত করতে কারিগরি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে।

অনুষ্ঠানে কারিগরি শিক্ষার ৩৮২ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মোঃ কামাল হোসেন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো:মহসিন, বোর্ডের চেয়ারম্যান আলী আকবর খান, বোর্ডের সচিব আবদুল্লাহ মাহমুদ জামান।

স্বা/-

মোহাম্মদ জাহিদ হোসেন খান
জনসংযোগ কর্মকর্তা
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল-০১৯১৮ ৯২ ১৭ ১৪
ইমেইল-zahidinfo30@gmail.com